গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
পূর্বধলা, নেত্রকোণা
www.purbadhala.netrakona.gov.bd

## পূর্বধলা উপজেলা পরিষদের জানুয়ারি ২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | রেজওয়ানা কবির।<br>প্রশাসক, উপজেলা পরিষদ, পূর্বধলা, নেত্রকোণা। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, পূর্বধলা। |
| সভার তারিখ ও সময় | : | ২৭.০১.২০২৫ খ্রি:, সময়- দুপুর: ১২:০০ ঘটিকা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবি স্বাক্ষরিতঃ পরিশিষ্ট-'ক'

প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার জনাব রেজওয়ানা কবির উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে জানুয়ারি ২০২৫ মাসের সভার কার্যক্রম শুরু করেন। তিনি বিগত ডিসেম্বর ২০২৪ মাসের পরিষদ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় পঠিত কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। সদস্যগণ তাদের স্ব-স্ব বক্তব্য সভায় উপস্থাপন করেন এবং বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগের নাম ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ:<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। বর্তমান সময়ে ডেঙ্গু প্রকোপ বেড়েছে, তাই সবাইকে সচেতন হওয়ার অনুরোধ জানান। তিনি আরও বলেন যে, তারুণ্যের উৎসব-২০২৫ উপলক্ষে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে আগামী ২৮.০১.২০২৫ খ্রিঃ তারিখের উপজেলা পরিষদ হলরুমে সরাদিনব্যাপী স্বাস্থ্য সেবা ক্যাম্পেইন আয়োজন করা হবে, উক্ত স্বাস্থ্য ক্যাম্পেইনে সকল সাধারণ জনগণ বিনামূল্যে সেবা গ্রহন করতে পারবে। তিনি তার দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা অব্যাহত রাখার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | ১। ডেঙ্গু প্রতিরোধে বাড়ির ঝোপঝাড় পরিষ্কার রাখা এবং মশারি ব্যবহার বিষয়ে সচেতন করার এবং তারুণ্যের উৎসব-২০২৫ উপলক্ষে স্বাস্থ্য সেবা ক্যাম্পেইনে বিনামূল্যে সেবা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য পঃপঃ কর্মকর্তা, পূর্বধলা।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল), পূর্বধলা।<br>৩। সংশ্লিষ্ট সকল |
| ০২ | প্রাণীসম্পদ বিভাগঃ<br>উপজেলা প্রাণসিম্পদ বিষয়ক কর্মকর্তা, পূর্বধলা সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। তিনি আরও বলেন যে, গরু/ছাগল রোগ প্রতিরোধে উপজেলা প্রাণীসম্পদ কার্যালয়ে যোগাযোগ করে ভ্যাকসিন গ্রহনের বিষয়ে জনগণকে অবহিত করার বিষয়ে সকল চেয়ারম্যানগণের সার্বিক সহযোগিতা কামনা করেন। | প্রাণীসম্পদ বিভাগের কার্যক্রম স্বাভাবিক ও সুন্দরভাবে চলার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রাণীসম্পদ বিষয়ক কর্মকর্তা, পূর্বধলা।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল), পূর্বধলা।<br>৩। সংশ্লিষ্ট সকল। |
| ০৩ | কৃষি বিভাগঃ<br>উপজেলা কৃষি বিষয়ক কর্মকর্তা, পূর্বধলা সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। তিনি আরও বলেন যে, অত্র উপজেলার ২১,৭০০ হেক্টর জমিতে বোরো ধান রোপন করা হচ্ছে। প্রায় ৯০ ভাগ জমি চারা রোপনের কাজ শেষ হয়েছে। উক্ত বোরো মৌসুমে পর্যাপ্ত সার মুজত আছে, এ বিষয়ে প্রতিনিয়ত উপজেলা নির্বাহী অফিসার, পূর্বধলা, নেত্রকোণা মহোদয় মনিটরিং কার্যক্রম অব্যাহত রেখেছেন। এবং উক্ত বোরো ধান রোপনের পর কোনরকম বিদ্যুৎতের লোডশেডিং যাতে না হয় সে ব্যাপারে বিদ্যুৎ বিভাগের সার্বিক সহযোগিতা কামনা করেন। | কৃষি বিভাগের কার্যক্রম স্বাভাবিক ও সুন্দরভাবে চলার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা কৃষি বিষয়ক কর্মকর্তা, পূর্বধলা।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল), পূর্বধলা।<br>৩। সংশ্লিষ্ট সকল। |
| ০৪ | বিদ্যুৎ বিভাগঃ<br>উপজেলা পল্লী বিদ্যুৎ ডিজিএম, পূর্বধলা, নেত্রকোণা সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। তিনি আরও বলেন অত্র উপজেলার বোরো মৌসুমে কোনরকম বিদ্যুৎতের লোডশেডিং যাতে না হয় সে ব্যাপারে বিদ্যুৎ বিভাগ কাজ করে যাচ্ছে এবং তিনি তার দপ্তরের সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | বিদ্যুৎ বিভাগের কার্যক্রম স্বাভাবিক ও সুন্দরভাবে চলার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। ডিজিএম, পূর্বধলা, নেত্রকোণা।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল), পূর্বধলা।<br>৩। সংশ্লিষ্ট সকল। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৫ | **মৎস্য বিভাগঃ**<br>উপজেলা মৎস্য কর্মকর্তা, পূর্বধলা সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। তিনি আরও বলেন তিনি তার দপ্তরের সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | উপজেলা মৎস্য বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলার জন্য সকলের সহযোগিতার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মৎস্য অফিসার, পূর্বধলা।<br>২। সংশ্লিষ্ট সকল। |
| ০৬ | **যুব উন্নয়ন বিভাগঃ**<br>উপজেলা যুব কর্মকর্তা, পূর্বধলা সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। তিনি আরও বলেন তারুণ্যের উৎসব-২০২৫ উপলক্ষে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে আগামী ১৯ ফেব্রুয়ারি ২০২৫ পর্যন্ত বিভিন্ন কার্যক্রম আয়োজন করা হয়েছে, উক্ত বিভিন্ন অনুষ্ঠানে সকলের অংশগ্রহণ করার জন্য অনুরোধ জানান। তিনি তার দপ্তরের সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | তারুণ্যের উৎসব ২০২৫ এর কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলার জন্য সকলের সহযোগিতার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা যুব অফিসার, পূর্বধলা।<br>২। সংশ্লিষ্ট সকল। |
| ০৭ | **প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পূর্বধলা সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। ২০২৪-২৫ অর্থবছরের কাবিখা,কাবিটা ও টিআর এর বরাদ্দ পাওয়া গিয়েছে এবং প্রতি ইউনিয়নে উপ-বরাদ্দ করা হয়েছে। তিনি আরও বলেন যে, কাবিটা,কাবিখা, টিআর কার্যক্রমসহ চলমান সকল কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সঠিকভাবে যাচাই বাচাই করে প্রকল্প গ্রহণ/ বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পূর্বধলা।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল), পূর্বধলা |
| ০৮ | **প্রাথমিক শিক্ষা বিভাগ:**<br>উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, পূর্বধলা সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে এবং ২০২৫ সালের প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের মাঝে নতুন বই পর্যায়ক্রমে বিতরণ করা হচ্ছে। সুন্দর ও সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলার জন্য সকলের সহযোগিতার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা শিক্ষা অফিসার, পূর্বধলা।<br>২। সংশ্লিষ্ট সকল। |
| ০৯ | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ**<br>উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পূর্বধলা সভায় জানান যে, এ উপজেলায় ২০২৪-২০২৫ অর্থবছরের গভীর নলকূপের বরাদ্দের বিপরীতে প্রাপ্ত আবেদন যাচাই করার জন্য মাঠ পর্যায়ে একজন করে ডিপিএইচই প্রতিনিধি, সমাজসেবা প্রতিনিধি, পরিবার পরিকল্পনা প্রতিনিধি , ভূমি অফিস প্রতিনিধি ও কৃষি অফিস প্রতিনিধির সমন্বয়ে যাচাই কাজ সম্পন্ন করে দ্রুত জমা দেওয়ার জন্য অনুরোধ জানান। তিনি আরও বলেন তিনি তার দপ্তরের সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | উক্ত প্রতিনিধিগণ আবেদন সঠিকভাবে যাচাই- বাচাই করে তালিকা প্রস্তুতের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী পূর্বধলা।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল), পূর্বধলা।<br>3।সংশ্লিষ্ট সকল। |
| ১০ | **পল্লী উন্নয়ন বিভাগঃ**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পূর্বধলা সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। তিনি আরও বলেন তিনি তার দপ্তরের সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম স্বাভাবিক ও সুন্দরভাবে চলার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পূর্বধলা।<br>২। সংশ্লিষ্ট সকল। |
| ১১ | **পল্লী দারিদ্র বিমোচন বিভাগঃ**<br>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, পূর্বধলা সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। তিনি আরও বলেন তিনি তার দপ্তরের সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | পল্লী দারিদ্র বিভাগের কার্যক্রম স্বাভাবিক ও সুন্দরভাবে চলার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা পল্লী দারিদ্র কর্মকর্তা, পূর্বধলা।<br>২। সংশ্লিষ্ট সকল। |
| ১২ | **মহিলা বিষয়ক অদিদপ্তর বিভাগঃ**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পূর্বধলা সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। তিনি আরও বলেন যে, ২০২৩-২৪ চক্রের ভিডব্লিউবি এর কার্যক্রম ডিসেম্বর/২৪ মাসের শেষ হয়েছে। ভিডব্লিউবি এর সঞ্চয়কৃত টাকা উপকারভোগীদের মাঝে বিতরণের কাজ চলমান। ২০২৪-২৫ অর্থবছরের মা ও শিশু সহায়তার কার্যক্রম চলমান রয়েছে। প্রত্যেক মাসে প্রতি ইউনিয়ন থেকে ০৯ (নয়) জন উপকারভোগী নির্বাচন করা হচ্ছে। তিনি তার দপ্তরের সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | উপজেলা ভিডব্লিউবি এবং ২০২৪-২৫ অর্থবছরের মা ও শিশু সহায়তার আগ্রহীদেরকে আবেদন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পূর্বধলা।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল), পূর্বধলা। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৩ | **পরিবার পরিকল্পনা বিভাগঃ**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পূর্বধলা সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। তিনি তার দপ্তরের সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলার জন্য সকলের সহযোগিতার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পূর্বধলা।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল), পূর্বধলা। |
| ১৪ | **সমবায় বিভাগঃ**<br>উপজেলা সমবায় কর্মকর্তা, পূর্বধলা সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। তিনি আরও বলেন তিনি তার দপ্তরের সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | সমবায় বিভাগের কার্যক্রম স্বাভাবিক ও সুন্দরভাবে চলার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সমবায় কর্মকর্তা, পূর্বধলা।<br>২। সংশ্লিষ্ট সকল। |
| ১৫ | **মাধ্যমিক বিভাগঃ**<br>উপজেলা মাধ্যমিক কর্মকর্তা, পূর্বধলা সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। তিনি আরও বলেন মাধ্যমিক বিদ্যালয়ে ৬০% বই বিতরণ করা হয়েছে, আগামী কয়েকদিন এর মধ্যে ১০০% বই বিতরণ করা সম্ভব হবে বলে জানান। বিভিন্ন ইউনিয়নের চেয়ারম্যানগণের সকলের সহযোগিতা কামনা করে বলেন, অত্র উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ে এডহক কমিটি গঠন করা হবে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | মাধ্যমিক বিভাগের কার্যক্রম স্বাভাবিক ও সুন্দরভাবে চলার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মাধ্যমিক কর্মকর্তা, পূর্বধলা।<br>২। সংশ্লিষ্ট সকল। |
| ১৬ | **সমাজসেবা বিভাগঃ**<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, পূর্বধলা সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। তিনি আরও বলেন যে, জাতীয় সমাজকল্যাণ পরিষদ থেকে উপজেলা সমাজকল্যাণ কমিটির বাবদ ৬০,০০০/- (ষাট হাজার) টাকা বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দকৃত টাকা গরীব, অসহায়,দুস্থ লোকজন যাতে অনুদানের জন্য আবেদন করে সেজন্য তিনি উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরও বলেন যে, যে সকল ইউনিয়ন পরিষদ থেকে ভাতা প্রতিস্থাপনের তালিকা প্রেরণ করা হয়নি, জরুরিভাবে প্রতিস্থাপনের ভাতা তালিকা প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানের প্রতি অনুরোধ জানান এবং তার দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | উপজেলা সমাজসেবা বিভাগ হতে নোটিশ দিয়ে জনগণকে অবহিত করে কার্যক্রম সুষ্ঠু ও সমাজকল্যাণ পরিষদ বরাদ্দকৃত টাকা বিতরণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, পূর্বধলা।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল), পূর্বধলা।<br>৩। সংশ্লিষ্ট সকল। |
| ১৭ | **উপজেলা প্রকৌশলী, এলজিইডি:**<br>উপজেলা প্রকৌশলী, পূর্বধলা সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। তিনি আরও বলেন ক) চলতি ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে ১ম ও ২য় কিস্তির বরাদ্দ বাবদ ৫১.৪৬ লক্ষ টাকা পাওয়া গেছে। এছাড়া উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্ত হতে উন্নয়ন খাতে ১৬৮.২১ লক্ষ টাকা স্থানান্তর করা হয়েছে। ইতোমধ্যে ১ম ধাপে অনুমোদনকৃত স্কিমসমূহের দরপত্র কার্যক্রম চলমান আছে। উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে জমাকৃত অর্থে ২য় ধাপে স্কিম গ্রহণের জন্য বিভিন্ন ইউনিয়ন পরিষদ, সরকারি দপ্তর, জনপ্রতিনিধি ও জনসাধারণ হতে প্রস্তাব পাওয়া। প্রাপ্ত প্রস্তাবসমূহ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০১৪ এর অনুচ্ছেদ-৭ অনুসারে প্রকল্প বাছাই কমিটি'র সভায় যাচাই-বাছাই করে সুপারিশ করা হয়েছে। সুপারিশকৃত প্রকল্প/স্কিম প্রস্তাব পরিষদ সভায় উপস্থাপন করা হলো। উন্নয়ন তহবিলে জমাকৃত অর্থের মধ্যে থেকে ইতোমধ্যে ব্যয়কৃত অংশ বাদ দিয়ে অবশিষ্ট অর্থে সুপারিশকৃত স্কিমসমূহ বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত নেওয়া যেতে পারে।<br><br>খ) উপজেলা পরিষদের সীমানা প্রাচীর ও রাস্তা এবং উপজেলা প্রকৌশলী দপ্তরের অফিস ও টয়লেট মেরামতের জন্য স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বরাদ্দ প্রদান করা হয়েছে। বরাদ্দকৃত অর্থে স্কিম বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত নেওয়া যেতে পারে।<br><br>গ) উপজেলা পরিষদের প্রধান গেট নির্মাণের বিষয়ে সভায় প্রস্তাব উত্থাপন ও এ বিষয়ে আলোচনা হয়। উপজেলা প্রকৌশলী সভা কে অবহিত করেন যে, উপজেলা পরিষদে এক ও অভিন্ন ডিজাইনে প্রবেশ গেট নির্মাণের জন্য স্থানীয় সরকার বিভাগ | ক) প্রকল্প বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত স্কিমসমূহের মধ্যে থেকে ২য় ধাপে বাস্তবায়নের জন্য প্রণীত প্রাক্কলন অনুমোদন করা হলো। 'পরিশিষ্ট-খ' তে সংযুক্ত সংশ্লিষ্ট স্কিমের বিপরীতে উল্লিখিত পদ্ধতি ও ব্যয়ে প্রযোজ্য ক্ষেত্রে প্যাকেজে স্কিমসমূহের ক্রয় প্রক্রিয়াকরণ করতে হবে। বর্ণিত স্কিমসমূহের এপিপি ও দরপত্র মূল্যায়ন প্রতিবেদন ও প্রযোজ্য ক্ষেত্রে পিআইসি কমিটি অনুমোদনের জন্য প্রশাসক, উপজেলা পরিষদ কে ক্ষমতা অর্পণ করা হলো। স্কিম বাস্তবায়নে উপজেলা প্রকৌশলী পিই হিসেবে দায়িত্ব পালনসহ প্রযোজ্য ক্ষেত্রে দরপত্র আহবান, চুক্তি সম্পাদন ও চুক্তি বাস্তবায়ন করবেন।<br>খ) বিস্তারিত আলোচনান্তে | উপজেলা নির্বাহী অফিসার,<br>উপজেলা প্রকৌশলী,<br>পূর্বধলা, নেত্রকোণা। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | কর্তৃক ৪৬.০৪৫.০২২.১০.০১.০০১.২০২২-৭৯৩, তারিখ- ২৩/০৭/২০২৩ ইং সংখ্যক স্মারকে ২২,৪৩,৯২০.০০ টাকা প্রাক্কলিত ব্যয় নির্ধারণ করা আছে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বর্ণিত কাজ বাস্তবায়নে স্থানীয় সরকার বিভাগ এর অনুমোদন প্রয়োজন। এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে।<br><br>ঘ) UTMIDP প্রকল্পের আওতায় উপজেলা পরিষদে পাবলিক টয়লেট নির্মাণের জন্য ঠিকাদারের সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। উপজেলা পরিষদ কম্পাউন্ডে নতুন ভবন নির্মাণের জন্য পরিষদের মাস্টার প্লান প্রস্তুতের সিদ্ধান্ত রয়েছে। এছাড়া বাস্তবিক বিভিন্ন কারণে এই মুহূর্তে উপজেলা পরিষদ কম্পাউন্ডে পাবলিক টয়লেট নির্মাণ না করার বিষয়ে আলোচনা হয়েছে। হোগলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বর্ণিত টয়লেটটি জনস্বার্থে হোগলা বাজারে স্থানান্তর করে নির্মাণের প্রস্তাব করেছেন। এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে।<br><br>ঙ) পূর্বধলা ইউনিয়নের স্টেশন রোডে জনাব মোঃ মুসলিম উদ্দিন এর বসত ঘরের উপর সরকারী ঝুকিপূর্ণ গাছ থাকায় তা অপসারণের জন্য তার আবেদনের প্রেক্ষিতে মূল্য নির্ধারণের বন বিভাগে পত্র প্রদান করা হলে বন বিভাগ হতে ২৫৮১.৩৮টাকা প্রাক্কলিত ব্যয় নির্ধারণ করা হয়েছে। গাছটি নিলামের মাধ্যমে অপসারণের বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। | সীমানা প্রাচীর ও সিসি রাস্তা ১টি প্যাকেজে এবং অফিস ও টয়লেট মেরামত ভিন্ন প্যাকেজে সীমিত দরপত্র পদ্ধতিতে ক্রয় প্রক্রিয়াকরণ করতে হবে। বর্ণিত স্কিমসমূহের এপিপি ও দরপত্র মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের জন্য প্রশাসক, উপজেলা পরিষদ কে ক্ষমতা অর্পণ করা হলো। স্কিম বাস্তবায়নে উপজেলা প্রকৌশলী পিই হিসেবে দায়িত্ব পালনসহ দরপত্র আহবান, চুক্তি সম্পাদন ও চুক্তি বাস্তবায়ন করবেন।<br>গ) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বর্ণিত কাজ বাস্তবায়নে ২২,৪৩,৯২০.০০ টাকার প্রাক্কলন অনুমোদনসহ রাজস্ব তহবিলের অর্থায়নে কাজ বাস্তবায়নে স্থানীয় সরকার বিভাগ এর অনুমোদন গ্রহণের নিমিত্তে পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হলো।<br>ঘ) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ কম্পাউন্ডের পরিবর্তে হোগলা ইউনিয়ন ভূমি অফিসের বিপরীতে সড়কে পাশে টয়লেট নির্মাণ করা যেতে পারে। এ বিষয়ে এলজিইডি হতে পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হলো।<br>ঙ) গাছটি নিলামের মাধ্যমে বিক্রয়ের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের উপ-২/৪পি-১২৪/২০০৫/৩৮৪, তাং- ১৫.০৮. ২০০৭ইং সংখ্যক স্মারকের নির্দেশনা অনুযায়ী জেলা প্রশাসক মহোদয়ের অনুমোদন গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হলো। | |
| ১৮ | চেয়ারম্যান, পূর্বধলা সদর ইউপি:<br>তিনি সভায় জানান যে, তার ইউনিয়নের সার্বিক পরিবেশ স্বাভাবিক রয়েছে। তিনি আরও বলেন যে, বামনখালী খালের উপর বন্যায় ভেঙ্গে যাওয়া ব্রীজটি নির্মাণ করার জন্য অনুরোধ জানান। পূর্বধলা ইউনিয়নের পরিষদ প্রাঙ্গণে ০৬ (ছয়) টি গাছ কর্তন করাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। তিনি তার ইউনিয়নের সকল কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | ক্ষতিগ্রস্থ ব্রীজটি সরেজমিনে পরিদর্শন করে বরাদ্দপ্রাপ্তি স্বাপেক্ষে অগ্রাধিকারভাবে মেরামত এবং গাছ কর্তনের জন্য ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, পূর্বধলা।<br>২। ইউপি চেয়ারম্যান, পূর্বধলা সদর।<br>৩। সংশ্লিষ্ট সকল |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৯ | চেয়ারম্যান, জারিয়া ইউপি:<br>তিনি সভায় জানান যে, তার ইউনিয়নের সার্বিক পরিবেশ স্বাভাবিক রয়েছে। তিনি আরও বলেন যে, তিনি তার ইউনিয়নের বিভিন্ন রাস্তাসমূহ দ্রুত সংস্কারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। এছাড়া তার ইউনিয়নের সার্বিক পরিবেশ ভালো রয়েছে। | ক্ষতিগ্রস্থ রাস্তাসমূহ বরাদ্দপ্রাপ্তি স্বাপেক্ষে অগ্রাধিকারভাবে মেরামত জনগণের সেবা দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, পূর্বধলা।<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, পূর্বধলা |
| ২০ | চেয়ারম্যান, হোগলা ইউপি:<br>তিনি সভায় জানান যে, তার ইউনিয়নের সার্বিক পরিবেশ স্বাভাবিক। তিনি তার ইউনিয়নের সার্বিক পরিস্থিতি অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | হোগলা ইউনিয়নের সার্বিক পরিবেশ স্বাভাবিক রাখতে সকলের সহযোগিতার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। ইউপি চেয়ারম্যান (সকল)<br>২। সংশ্লিষ্ট সকল। |
| ২১ | চেয়ারম্যান, বিশকাকুনি ইউপি:<br>তিনি সভায় জানান যে, তার ইউনিয়নের সার্বিক পরিবেশ স্বাভাবিক। তিনি তার ইউনিয়নের সার্বিক পরিস্থিতি অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | বিশকাকুনি ইউনিয়নের সার্বিক পরিবেশ স্বাভাবিক রাখতে সকলের সহযোগিতার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। ইউপি চেয়ারম্যান (সকল)<br>২। সংশ্লিষ্ট সকল। |
| ২২ | চেয়ারম্যান, আগিয়া ইউপি:<br>তিনি সভায় জানান যে, তার ইউনিয়নের সার্বিক পরিস্থিতি ভাল রয়েছে। এ ধারা অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | আগিয়া ইউনিয়নের সার্বিক পরিবেশ স্বাভাবিক রাখতে সকলের সহযোগিতার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। ইউপি চেয়ারম্যান (সকল)<br>২। সংশ্লিষ্ট সকল। |
| ২৩ | চেয়ারম্যান, বৈরাটি ইউপি:<br>তিনি সভায় জানান যে, তিনি তার ইউনিয়নের সার্বিক পরিস্থিতি ভাল রয়েছে। তিনি আরও বলেন যে, এ ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | বৈরাটি ইউনিয়নের সার্বিক পরিবেশ স্বাভাবিক রাখতে সকলের সহযোগিতার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। ইউপি চেয়ারম্যান (সকল)<br>২। সংশ্লিষ্ট সকল। |
| ২৪ | প্যানেল চেয়ারম্যান, খলিশাউড় ইউপি:<br>তিনি সভায় জানান যে, তার ইউনিয়নের সার্বিক পরিবেশ স্বাভাবিক। তিনি তার ইউনিয়নের সার্বিক পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | খালিশাউড় ইউনিয়নের সার্বিক পরিবেশ স্বাভাবিক রাখতে সকলের সহযোগিতার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। ইউপি চেয়ারম্যান (সকল)<br>২। সংশ্লিষ্ট সকল। |
| ২৫ | বিবিধঃ<br>**ক) উপজেলা পরিষদের বিবিধ/আনুষংগিক ব্যয়/ব্যয়োত্তর অনুমোদনঃ**<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিভিন্ন খাতে ব্যয়/ব্যয়োত্তর অনুমোদন প্রয়োজন। এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নোক্ত ব্যয়ের/ব্যয়োত্তর অনুমোদন সর্বসম্মতক্রমে অনুমোদিত হয়।<br>১ । উপজেলা পরিষদের দক্ষ মালি এবং পরিচ্ছন্নতা কর্মীর জানুয়ারি, ২০২৫ মাসের শ্রমিক মজুরি- ৩২,৪৫০/- (বত্রিশ হাজার) চারশত পঞ্চাশ) টাকা<br>২ । উপজেলা পরিষদের সভাসহ অন্যান্য সভায় জানুয়ারি, ২০২৫ মাসের আপ্যায়ন বিল বাবদ- ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা<br>৩ । উপজেলা পরিষদের অফিস সামগ্রী ও স্টেশনারী বাবদ জানুয়ারি, ২০২৫ মাসের বিল- ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা | | |
| ২৬ | উপজেলা নির্বাহী অফিসার, পূর্বধলা:<br>অত্র উপজেলার বিভিন্ন রাস্তায় মাটি ক্ষয়ে গিয়ে যে সকল রাস্তার ক্ষতি সাধিত হয়েছে সেসকল রাস্তাসমূহ অগ্রাধিকার বিবেচনায় মেরামত/সংস্কার করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। তিনি সভায় উপস্থিত সবাইকে পূর্বধলা উপজেলার তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষ্যে গৃহিত কর্মসূচিসমূহ আগামী ১৯ ফেব্রুয়ারি ২০২৫ পর্যন্ত বাস্তবায়ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা ও বাস্তবায়নের অনুরোধ জানান। উন্নত পূর্বধলা গড়তে তারুণ্যের বাংলাদেশ গড়তে সকলের সহযোগিতা কামনা করেন। | | |

সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানগণ সজাগ দৃষ্টি রাখবেন মর্মে আশাবাদ ব্যক্ত করে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০১/২৫
(রেজওয়ানা কবির)
প্রশাসক
উপজেলা পরিষদ
পূর্বধলা, নেত্রকোণা।

CamScanner

স্মারক নম্বর-০৫.৪৫.৭২৮৩.০০৬.০৬.০০১.২৪- ৮৬ .

তারিখ: ২৭ জানুয়ারি ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

১. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
৪. উপজেলা......................................................... অফিসার, পূর্বধলা, নেত্রকোণা।
৫. চেয়ারম্যান,...................................................... ইউপি (সকল), পূর্বধলা, নেত্রকোণা।
৬. অফিস কপি।

২৭/০১/২৫

(রেজওয়ানা কবির)
উপজেলা নির্বাহী অফিসার
পূর্বধলা, নেত্রকোণা।